



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিমার বাংলাদেশ”

প্রেস-রিলিজ

তারিখঃ ২/১০/২০১৮ খ্রি:

## বরিশাল বিশ্ববিদ্যালয় কেন্দ্রিয় ক্যাফেটেরিয়া চালু

বরিশাল বিশ্ববিদ্যালয় এর কেন্দ্রিয় ক্যাফেটেরিয়া চালু করা হয়েছে। মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক আনুষ্ঠানিকভাবে ক্যাফেটেরিয়াটি চালু করেছেন। অদ্য ২ অক্টোবর ২০১৮ তারিখ দুপুর ১২ টায় ফিতা কেটে ক্যাফেটেরিয়ার উদ্বোধন করেন উপাচার্য মহোদয়। এসময় বিভিন্ন অনুষদের ডিন, বরিশাল বিশ্ববিদ্যালয় স্থাপন শীর্ষক প্রকল্পের পরিচালক, প্রক্টর, চেয়ারম্যানবৃন্দ, প্রভোস্টবৃন্দ, শিক্ষকমণ্ডলী, শিক্ষার্থী, পরিচালকগণ, পরীক্ষা নিয়ন্ত্রক, দণ্ডরপ্রধান, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী, টিএসসির পরিচালক, নির্বাহী প্রকৌশলী এবং পরিকল্পনা ও উন্নয়ন শাখার উপ-পরিচালক(অ.দা), টিএসসির সহকারী পরিচালকসহ বিশ্ববিদ্যালয়ের অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। উদ্বোধন শেষে এক সংক্ষিপ্ত প্রতিক্রিয়ায় উপাচার্য মহোদয় শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, ক্যাফেটেরিয়াটি তোমাদের তাই এটিকে সুন্দর ও পরিচ্ছন্ন রাখার দায়িত্বও তোমাদের। উপাচার্য মহোদয় ক্যাফেটেরিয়ার বিভিন্ন অংশ পরিদর্শন করেন। উল্লেখ্য বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ৭ বছর পরে বর্তমান উপাচার্য মহোদয়ের আন্তরিকতা ও প্রচেষ্টায় কেন্দ্রিয় ক্যাফেটেরিয়াটি চালু হওয়ার মধ্য দিয়ে শিক্ষার্থীদের দীর্ঘদিনের একটি দাবি পূরণ হয়েছে। এদিকে বিকেলে উপাচার্য মহোদয়ের উপস্থিতিতে বরিশাল বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের উদ্যোগে ক্যাম্পাস পরিচ্ছন্নতা অভিযান কর্মসূচী পালিত হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)  
জনসংযোগ অফিস